| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
| --- | --- |
| ১ | প্রজাতন্ত্র |
| ২ | প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানা |
| ২ক | রাষ্ট্রধর্ম |
| ৩ | রাষ্ট্রভাষা |
| ৪ | জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক |
| ৪ক | জাতির পিতার প্রতিকৃতি |
| ৫ | রাজধানী |
| ৬ | নাগরিকত্ব |
| ৭ | সংবিধানের প্রাধান্য |
| ৭ক | সংবিধান বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি অপরাধ |
| ৭খ | সংবিধানের মৌলিক বিধানাবলী সংশোধন অযোগ্য |

## মনে রাখার কৌশল

প্রজাতন্ত্রের সীমানা, ধর্ম ও ভাষা রক্ষার জন্য আমরা জাতীয় সঙ্গীত গেয়ে জাতির পিতার

১ ২ ২ক ৩ ৪ ৪ক

প্রতিকৃতিতে ফুল দিতে আমরা রাজধানীতে যাবো। নাগরিক হিসেবে সংবিধানের প্রাধান্য

৫ ৬ ৭

রক্ষার স্বার্থে সংবিধান বাতিল ও তার মৌলিক বিষয় পরিবর্তন প্রতিহত করতে হবে।

৭ক ৭খ

| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
| --- | --- |
| ৮ | মূলনীতিসমূহ |
| ৯ | জাতীয়তাবাদ |
| ১০ | সমাজতন্ত্র ও শোষণমুক্তি |
| ১১ | গণতন্ত্র ও মানবাধিকার |
| ১২ | ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা |
| ১৩ | মালিকানার নীতি |
| ১৪ | কৃষক ও শ্রমিকের মুক্তি |
| ১৫ | মৌলিক প্রয়োজনের ব্যবস্থা |
| ১৬ | গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব |
| ১৭ | অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা |
| ১৮ | জনস্বাস্থ্য ও নৈতিকতা |
| ১৮ক | পরিবেশ ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন |
| ১৯ | সুযোগের সমতা |
| ২০ | অধিকার ও কর্তব্যরূপে কর্ম |
| ২১ | নাগরিক ও সরকারী কর্মচারীদের কর্তব্য |
| ২২ | নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ |
| ২৩ | জাতীয় সংস্কৃতি |
| ২৩ক | উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি |
| ২৪ | জাতীয় স্মৃতিনিদর্শন প্রভৃতি |
| ২৫ | আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন |

# মনে রাখার কৌশল

১। রাষ্ট্রের মূলনীতি হল জাতীয় সমাজে গণতান্ত্রিক ভাবে ধর্মীয় নিরপেক্ষতা বজায়
৮ ৯ ১০ ১১ ১২
রাখা।

২। মালিকানা প্রাপ্ত হয়ে কৃষক ও শ্রমিক মৌলিক প্রয়োজন মেটাতে কৃষি বিপ্লব
১৩ ১৪ ১৫ ১৬
শুরু করল।

৩। শিক্ষা, স্বাস্থ্য ও পরিবেশ সংরক্ষণের ক্ষেত্রে সুযোগের সমতা পেলে কর্মের
১৭ ১৮ ১৮ক ১৯ ২০
অধিকার ও নাগরিক কর্তব্য যথার্থভাবে পালন করা যায়।
২১

৪। বিচার বিভাগ জাতীয় ও উপজাতীয় সংস্কৃতি এবং স্মৃতি নিদর্শন রক্ষা করে
২২ ২৩ ২৩ক ২৪
আন্তর্জাতিক শান্তি নিশ্চিত করে।
২৫

| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|
| ২৬ | মৌলিক অধিকারের সহিত অসঙ্গস আইন বাতিল |
| ২৭ | আইনের দৃষ্টিতে সমতা |
| ২৮ | ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য |
| ২৯ | সরকারী নিয়োগ-লাভে সুযোগের সমতা |
| ৩০ | বিদেশী খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ |
| ৩১ | আইনের আশ্রয়-লাভের অধিকার |
| ৩২ | জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রক্ষণ |
| ৩৩ | গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ |
| ৩৪ | জবরদস্তি-শ্রম নিষিদ্ধকরণ |
| ৩৫ | বিচার ও দন্ড সম্পর্কে রক্ষণ |
| ৩৬ | চলাফেরার স্বাধীনতা |
| ৩৭ | সমাবেশের স্বাধীনতা |
| ৩৮ | সংগঠনের স্বাধীনতা |
| ৩৯ | চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক্-স্বাধীনতা |
| ৪০ | পেশা ও বৃত্তির স্বাধীনতা |
| ৪১ | ধর্মীয় স্বাধীনতা |
| ৪২ | সম্পত্তির স্বাধীনতা |
| ৪৩ | গৃহ ও যোগাযোগের রক্ষণ |
| ৪৪ | মৌলিক অধিকার বলবৎকরণ |
| ৪৫ | শৃঙ্খলামূলক আইনের ক্ষেত্রে অধিকারের পরিবর্তন |
| ৪৬ | দায়মুক্তি-বিধানের ক্ষমতা |
| ৪৭ | কতিপয় আইনের হেফাজত |
| ৪৭ক | সংবিধানের কতিপয় বিধানের অপ্রযোজ্যতা |

## মনে রাখার কৌশল

১। মৌলিক অধিকার পরিপন্থী আইন বাতিল।

২৬

২। আইন, ধর্ম ও সরকারী নিয়োগে সুযোগের সমতা না পেলে বিদেশী খেতাব নিয়ে লাভ কী?

২৭ ২৮ ২৯ ৩০

৩। আইনের আশ্রয়ের সুযোগ না দিয়ে জীবন ও ব্যক্তি স্বাধীনতা ক্ষুন্ন করে গ্রেফতার পূর্বক

৩১ ৩২ ৩৩

জবরদস্তি শ্রমে নিযুক্ত করলে তাকে বিচার করে দন্ড দেয়া হবে।

৩৪ ৩৫

৪। চসমা সংবিদিক = চ-চলাফেরার স্বাধীনতা, সমা=সমাবেশের স্বাধীনতা, সং= সংগঠনের

৩৬ ৩৭ ৩৮

স্বাধীনতা, বিদিক= বিবেক ও বাক স্বাধীনতা

৩৯

৫। আমার পেশা, ধর্ম, সম্পত্তি ও যোগাযোগের অধিকারে কেহ হস্তক্ষেপ করলে আমি

৪০ ৪১ ৪২ ৪৩

তার বিরুদ্ধে হাইকোর্টে মামলা করব ।

৪৪

৬। শৃঙ্খলা বাহিনীর দায়মুক্তির জন্য আইনী হেফাজত যুদ্ধপরাধীদের জন্য প্রযোজ্য নয়।

৪৫ ৪৬ ৪৭ ৪৭ক

| পরিচ্ছেদ | অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|---|
| ১ম পরিচ্ছেদ | ৪৮-৫৪ | রাষ্ট্রপতি |
| | ৪৮ | রাষ্ট্রপতি |
| | ৪৯ | ক্ষমা প্রদর্শনের অধিকার |
| | ৫০ | রাষ্ট্রপতি-পদের মেয়াদ |
| | ৫১ | রাষ্ট্রপতির দায়মুক্তি |
| | ৫২ | রাষ্ট্রপতির অভিশংসন |
| | ৫৩ | অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ |
| | ৫৪ | অনুপস্থিতি প্রভৃতির কালে রাষ্ট্রপতি পদে স্পীকার |
| ২য় পরিচ্ছেদ | ৫৫-৫৮ | প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা |
| | ৫৫ | মন্ত্রিসভা |
| | ৫৬ | মন্ত্রিগণ |
| | ৫৭ | প্রধানমন্ত্রীর পদের মেয়াদ |
| | ৫৮ | অন্যান্য মন্ত্রীর পদের মেয়াদ |
| ৩ য় পরিচ্ছেদ | ৫৯-৬০ | স্থানীয় শাসন |
| | ৫৯ | স্থানীয় শাসন |
| | ৬০ | স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা |
| ৪র্থ পরিচ্ছেদ | ৬১-৬৩ | প্রতিরক্ষা কর্ম-বিভাগ |
| | ৬১ | সর্বাধিনায়কতা |
| | ৬২ | প্রতিরক্ষা কর্মবিভাগে ভর্তি প্রভৃতি |
| | ৬৩ | যুদ্ধ |
| ৫ম পরিচ্ছেদ | ৬৪ | অ্যাটর্নি-জেনারেল |
| | ৬৪ | অ্যাটর্নি-জেনারেল |

## মনে রাখার কৌশল

১। রাষ্ট্রপতি ক্ষমার মেয়াদে দায়মুক্তি পেতে তার অভিশংসন ও অপসারণ ক্ষমতা স্পীকারকে
৪৮ ৪৯ ৫০ ৫১ ৫২ ৫৩ ৫৪
দিলেন।

২। মন্ত্রিসভার মন্ত্রিগণ প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীর পদের মেয়াদ ঠিক করেন।
৫৫ ৫৬ ৫৭ ৫৮

৩। স্থানীয় শাসক ও তার প্রতিষ্ঠানের অনেক ক্ষমতা রয়েছে।
৫৯ ৬০

৪। সর্বাধিনায়ক রাষ্ট্রপতি প্রতিরক্ষা বিভাগে লোক নিয়োগ করে যুদ্ধ ঘোষণা জন্য
৬১ ৬২ ৬৩
অ্যাটর্নি জেনারেলকে আইনগত পরামর্শ দিতে বললেন।
৬৪

| পরিচ্ছেদ | অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|---|
| ১ম পরিচ্ছেদ | ৬৫-৭৯ | সংসদ |
| | ৬৫ | সংসদ-প্রতিষ্ঠা |
| | ৬৬ | সংসদে নির্বাচিত হইবার যোগ্যতা ও অযোগ্যতা |
| | ৬৭ | সদস্যদের আসন শূন্য হওয়া |
| | ৬৮ | সংসদ-সদস্যদের পারিশ্রমিক প্রভৃতি |
| | ৬৯ | শপথ গ্রহণের পূর্বে আসন গ্রহণ বা ভোট দান করিলে সদস্যের অর্থদন্ড |
| | ৭০ | রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে আসন শূন্য হওয়া |
| | ৭১ | দ্বৈত-সদস্যতায় বাধা |
| | ৭২ | সংসদের অধিবেশন |
| | ৭৩ | সংসদে রাষ্ট্রপতির ভাষণ ও বাণী |
| | ৭৩ক | সংসদ সম্পর্কে মন্ত্রীগণের অধিকার |
| | ৭৪ | স্পীকার ও ডেপুটি স্পীকার |
| | ৭৫ | কার্যপ্রণালী-বিধি, কোরাম প্রভৃতি |
| | ৭৬ | সংসদের স্থায়ী কমিটিসমূহ |
| | ৭৭ | ন্যায়পাল |
| | ৭৮ | সংসদ সদস্যদের বিশেষ-অধিকার ও দায়মুক্তি |
| | ৭৯ | সংসদ-সচিবালয় |
| ২য় পরিচ্ছেদ | ৮০-৯২ | আইন প্রণয়ন ও অর্থ সংক্রান্ত পদ্ধতি |
| | ৮০ | আইন প্রণয়ন-পদ্ধতি |
| | ৮১ | অর্থবিল |
| | ৮২ | আর্থিক ব্যবস্থাবলীর সুপারিশ |
| | ৮৩ | সংসদের আইন প্রণয়ন ব্যতিত করারোপে বাধা |
| | ৮৪ | সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারী হিসাব |
| | ৮৫ | সরকারী অর্থের নিয়ন্ত্রণ |

## মনে রাখার কৌশল

১। সংসদে অযোগ্য সদস্যদের আসন শূন্য হওয়ায় তাদের পারিশ্রমিক হতে অর্থদন্ড
৬৫ ৬৬ ৬৭ ৬৮ ৬৯
আরোপ করা হলে তারা দল হতে পদত্যাগ করে।
৭০

২। দ্বৈত সদস্যরা সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের পর মন্ত্রীদের অধিকার আদায়ের
৭১ ৭২ ৭৩ ৭৩ক
জন্য স্পীকার ও ডেপুটি স্পীকার নিয়োগ করলেন।
৭৪

৩। সংসদের কোরাম অভাবে স্থায়ী কমিটি ন্যায়পালকে বিশেষ অধিকার ও দায়মুক্তি
৭৫ ৭৬ ৭৭ ৭৮
প্রদানের জন্য সংসদ সচিবালয় গঠন করল।
৭৯

৪। আইন প্রণয়নের মাধ্যমে [অর্থবিল, আর্থিক ব্যবস্থা, কর আরোপ, সংযুক্ত তহবিল ও
৮০ ৮১ ৮২ ৮৩ ৮৪
সরকারী অর্থের নিয়ন্ত্রণ করে প্রজাতন্ত্রের সরকারী হিসাবে অর্থ প্রদান করার বিধান করা হয়]
৮৫ ৮৬

৫। বাজেটে সংযুক্ত তহবিলের উপর দায় ও বাজেট পদ্ধতির বিষয়ে নির্দিষ্ট আইন থাকা
৮৭ ৮৮ ৮৯ ৯০
সত্ত্বেও অতিরিক্ত মঞ্জুরী ও ঋণের উপর ভোট প্রদানের জন্য রাষ্ট্রপতি অধ্যাদেশ জারী
৯১ ৯২ ৯৩
করলেন।

| পরিচ্ছেদ | অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|---|
| ১ম পরিচ্ছেদ | ৯৪-১১৩ | সুপ্রীম কোর্ট |
| | ৯৪ | সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠা |
| | ৯৫ | বিচারক-নিয়োগ |
| | ৯৬ | বিচারকদের পদের মেয়াদ |
| | ৯৭ | অস্থায়ী প্রধান বিচারপতি-নিয়োগ |
| | ৯৮ | সুপ্রীম কোর্টের অতিরিক্ত বিচারকগণ |
| | ৯৯ | অবসরগ্রহণের পর বিচারকগণের অক্ষমতা |
| | ১০০ | সুপ্রীম কোর্টের আসন |
| | ১০১ | হাইকোর্ট বিভাগের এখতিয়ার |
| | ১০২ | কপিতয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা |
| | ১০৩ | আপীল বিভাগের এখতিয়ার |
| | ১০৪ | আপীল বিভাগের পরোয়ানা জারী ও নির্বাহ |
| | ১০৫ | আপীল বিভাগ কর্তৃক রায় বা আদেশ পুনর্বিবেচনা |
| | ১০৬ | সুপ্রীম কোর্টের উপদেষ্টামূলক এখতিয়ার |
| | ১০৭ | সুপ্রীম কোর্টের বিধি প্রণয়ন-ক্ষমতা |
| | ১০৮ | কোর্ট অব্ রেকর্ড রূপে সুপ্রীম কোর্ট |
| | ১০৯ | আদালতসমূহের উপর তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ |
| | ১১০ | অধস্তন আদালত হইতে হাইকোর্ট বিভাগে মামলা স্থানান্তর |

| | | | |
|---|---|---|---|
| | ১১১ | সুপ্রীম কোর্টের রায়ের বাধ্যতামূলক কার্যকারিতা | |
| | ১১২ | সুপ্রীম কোর্টের সহায়তা | |
| | ১১৩ | সুপ্রীম কোর্টের কর্মচারীগণ | |
| ২য় পরিচ্ছেদ | ১১৪-১১৬ক | অধস্তন আদালত | |
| | ১১৪ | অধস্তন আদালতসমূহ প্রতিষ্ঠা | |
| | ১১৫ | অধস্তন আদালতে নিয়োগ | |
| | ১১৬ | অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা | |
| | ১১৬ক | বিচারবিভাগীয় কর্মচারীগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন | |
| ৩ য় পরিচ্ছেদ | ১১৭ | প্রশাসনিক ট্রাইব্যুনাল | |
| | ১১৭ | প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ | |

## মনে রাখার কৌশল

১। সুপ্রীম কোর্টে নিয়োগকৃত বিচারপতিরা ৬৭ বছর মেয়াদ পর্যন্ত চাকুরী করতে পারে।

৯৪ ৯৫ ৯৬

২। অস্থায়ী প্রধান বিচারপতি ও অতিরিক্ত বিচারপতিগণ অবসর গ্রহণের পর ওকালতি না

৯৭ ৯৮ ৯৯

করতে পারলেও স্থায়ীভাবে ঢাকাতে বসবাস করেন।

১০০

৩। হাইকোর্ট বিভাগ তার এখতিয়ারে যেকোন আদেশ ও নির্দেশ জারী করতে পারে।

১০১ ১০২

৪। আপীল বিভাগ তার এখতিয়ারে পরোয়ানা জারীর পর তা পুনর্বিবেচনার জন্য উপদেশ

১০৩ ১০৪ ১০৫ ১০৬

দিতে পারে।

৫। সুপ্রীম কোর্ট বিধি প্রণয়ন করে C C T V কার্যক্রমে সহায়তার জন্য কর্মচারী

১০৭ ১০৮ ১০৯ ১১০ ১১১ ১১২ ১১৩

নিয়োগ করলো।

**[CCTV = court of record+control+transfer+verdict** কোর্ট অব রেকর্ড, অধস্তন আদালত নিয়ন্ত্রণ, মামলা স্থানান্তর ও রায়ের বাধ্যবাধকতা]

৬। অধস্তন আদালতে নিয়োগপ্রাপ্ত বিচারকরা শৃঙ্খলার মধ্য থেকে স্বাধীনভাবে বিচারকার্য

১১৪ ১১৫ ১১৬ ১১৬ক

পরিচালনা করছে কিনা তা তদারকির জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল গঠন করা হলো।

১১৭

| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|
| ১১৮ | নির্বাচন কমিশন প্রতিষ্ঠা |
| ১১৯ | নির্বাচন কমিশনের দায়িত্ব |
| ১২০ | নির্বাচন কমিশনের কর্মচারীগণ |
| ১২১ | প্রতি এলাকার জন্য একটিমাত্র ভোটার তালিকা |
| ১২২ | ভোটার তালিকায় নামভুক্তির যোগ্যতা |
| ১২৩ | নির্বাচন অনুষ্ঠানের সময় |
| ১২৪ | নির্বাচন সম্পর্কে সংসদের বিধান-প্রণয়নের ক্ষমতা |
| ১২৫ | নির্বাচনী আইন ও নির্বাচনের বৈধতা |
| ১২৬ | নির্বাচন কমিশনকে নির্বাহী কর্তৃপক্ষের সহায়তাদান |

# মনে রাখার কৌশল

নির্বাচন কমিশনের কমিশনাররা সঠিকভাবে দায়িত্ব পালন করার জন্য কর্মচারীদের মাধ্যমে

১১৮ ১১৯ ১২০

১টি ভোটার তালিকায় ভোটারদের নাম অন্তর্ভুক্ত করে নির্বাচন অনুষ্ঠানের জন্য বিধি প্রণয়ন

১২১ ১২২ ১২৩ ১২৪

করলে তার বৈধতার বিষয়ে প্রশ্ন উত্থাপন না করে নির্বাচন কমিশনকে সহায়তা করা সকলের

১২৫ ১২৬

দায়িত্ব।

| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
| --- | --- |
| ১২৭ | মহা হিসাব-নিরীক্ষক পদের প্রতিষ্ঠা |
| ১২৮ | মহা হিসাব-নিরীক্ষকের দায়িত্ব |
| ১২৯ | মহা হিসাব-নিরীক্ষকের কর্মের মেয়াদ |
| ১৩০ | অস্থায়ী মহা হিসাব-নিরীক্ষক |
| ১৩১ | প্রজাতন্ত্রের হিসাব রক্ষার আকার ও পদ্ধতি |
| ১৩২ | সংসদে মহা হিসাব-নিরীক্ষকের রিপোর্ট উপস্থাপন |

## মনে রাখার কৌশল

মহা হিসাব নিরীক্ষকের দায়িত্বের মেয়াদে অস্থায়ী নিরীক্ষক এসে প্রজাতন্ত্রের হিসাব বিষয়ে

১২৭ ১২৮ ১২৯ ১৩০ ১৩১

রাষ্ট্রপতির নিকট রিপোর্ট জমা দিলেন।

১৩২

| পরিচ্ছেদ | অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|---|
| ১ম পরিচ্ছেদ | ১৩৩-১৩৬ | কর্মবিভাগ |
| | ১৩৩ | নিয়োগ ও কর্মের শর্তাবলী |
| | ১৩৪ | কর্মের মেয়াদ |
| | ১৩৫ | অসামরিক সরকারী কর্মচারীদের বরখাস্ত প্রভৃতি |
| | ১৩৬ | কর্মবিভাগ-পুনর্গঠন |
| ২য় পরিচ্ছেদ | ১৩৭-১৪১ | সরকারী কর্ম কমিশন |
| | ১৩৭ | কমিশন-প্রতিষ্ঠা |
| | ১৩৮ | সদস্য-নিয়োগ |
| | ১৩৯ | পদের মেয়াদ |
| | ১৪০ | কমিশনের দায়িত্ব |
| | ১৪১ | বার্ষিক রিপোর্ট |

## মনে রাখার কৌশল

১। নিয়োগ ও কর্মের মেয়াদে দুর্নীতিবাজ কর্মচারীদের বরখাস্ত করে কর্ম-বিভাগ পুনর্গঠন

১৩৩ ১৩৪ ১৩৫ ১৩৬

করা জরুরী।

২। কর্মকমিশনে নিয়োগের মেয়াদে সঠিকভাবে দায়িত্ব পালন করে রিপোর্ট জমা

১৩৭ ১৩৮ ১৩৯ ১৪০ ১৪১

দিতে হয়।

| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|
| ১৪১ক | জরুরী-অবস্থা ঘোষণা |
| ১৪১খ | জরুরী অবস্থার সময় সংবিধানের কতিপয় অনুচ্ছেদের বিধান স্থগিতকরণ |
| ১৪১গ | জরুরী-অবস্থার সময় মৌলিক অধিকারসমূহ স্থগিতকরণ |

## মনে রাখার কৌশল

জরুরী অবস্থা ঘোষণার ফলে কতিপয় ও মৌলিক অধিকার স্থগিত করে সংবিধান সংশোধন করা হলো।

১৪১ক ১৪১খ ১৪১গ ১৪২

| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|
| ১৪২ | সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা |

| অনুচ্ছেদ | আলোচ্য বিষয় |
|---|---|
| ১৪৩ | প্রজাতন্ত্রের সম্পত্তি |
| ১৪৪ | সম্পত্তি ও কারবার প্রভৃতি প্রসঙ্গে নির্বাহী কর্তৃত্ব |
| ১৪৫ | চুক্তি ও দলিল |
| ১৪৫ক | আন্তর্জাতিক চুক্তি |
| ১৪৬ | বাংলাদেশের নামে মামলা |
| ১৪৭ | কতিপয় পদাধিকারীর পারিশ্রমিক প্রভৃতি |
| ১৪৮ | পদের শপথ |
| ১৪৯ | প্রচলিত আইনের হেফাজত |
| ১৫০ | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী |
| ১৫১ | রহিতকরণ |
| ১৫২ | ব্যাখ্যা |
| ১৫৩ | প্রবর্তন, উল্লেখ ও নির্ভরযোগ্য পাঠ |

## মনে রাখার কৌশল

১। প্রজাতন্ত্রের সম্পত্তি সম্পর্কিত কারবার নির্বাহ করতে দলিল ও আন্তঃচুক্তি অনুযায়ী
১৪৩ ১৪৪ ১৪৫ ১৪৫ক
অনুযায়ী বাংলাদেশ যেকোন দেশের বিরুদ্ধে মামলা করতে পারে।
১৪৬

২। পদাধিকারী ব্যক্তিগণ শপথ গ্রহণ করে আইনের হেফাজত ও ক্রান্তিকালীন বিষয়
১৪৭ ১৪৮ ১৪৯ ১৫০
রহিতকরণ সম্পর্কিত যে ব্যাখ্যা প্রদান করেন তার বাংলা পাঠ প্রাধান্য পাবে।
১৫১ ১৫২ ১৫৩